# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৩৮

তারিখঃ ২৩ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**উপজেলা পরিষদ উপনির্বাচন, পৌরসভার সাধারণ নির্বাচন এবং ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও উপনির্বাচন উপলক্ষ্যে ১০ ডিসেম্বর ২০২০ তারিখ বৃহস্পতিবার সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগদানের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪ শাখা- এর ০৭/১২/২০২০ তারিখের প্রজ্ঞাপন নম্বর- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-৩০৩ এ বর্ণিত (কপি সংযুক্ত) (ক) ১০টি উপজেলা পরিষদের চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচন (খ) ৫টি পৌরসভার সাধারণ নির্বাচন এবং (গ) ৬টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও ৭টি ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষ্যে **ভোট গ্রহণের দিন অর্থাৎ ১০ ডিসেম্বর, ২০২০ তারিখ বৃহস্পতিবার** সংশ্লিষ্ট নির্বাচনী উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন এবং পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/জেলাধীন আপনাদের ব্যাংকের বিভিন্ন শাখায় কর্মরত উক্ত নির্বাচনী এলাকার ভোটার কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগের সুযোগদানের জন্য পরামর্শ দেয়া হলো।

সংযুক্তিঃ ২ (দুই)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নূরুল আমীন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**
**www.mopa.gov.bd**

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-৩০৩

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৭
০৭ ডিসেম্বর ২০২০

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক নিম্নবর্ণিত (ক) ১০টি উপজেলা পরিষদের চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচন (খ) ৫টি পৌরসভার সাধারণ নির্বাচন এবং (গ) ৬টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও ৭টি ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের দিন ১০ ডিসেম্বর, ২০২০ তারিখ বৃহস্পতিবার সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন এবং পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/জেলাধীন অন্যান্য দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

**(ক) অনুষ্ঠিতব্য ১০ টি উপজেলা পরিষদের চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচনের তথ্য:**

| ক্র: নং | জেলা | উপজেলা | পদ |
|---|---|---|---|
| ১. | বগুড়া | শেরপুর | মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২. | নওগাঁ | রাণীনগর | চেয়ারম্যান |
| ৩. | পাবনা | ঈশ্বরদী | চেয়ারম্যান |
| ৪. | | বেড়া | চেয়ারম্যান |
| ৫. | সাতক্ষীরা | দেবহাটা | চেয়ারম্যান |
| ৬. | যশোর | বাঘারপাড়া | চেয়ারম্যান |
| ৭. | | সদর | মহিলা ভাইস চেয়াম্যান |
| ৮. | রাজবাড়ী | গোয়ালন্দ | চেয়ারম্যান |
| ৯. | নোয়াখালী | বেগমগঞ্জ | চেয়ারম্যান |
| ১০. | কুমিল্লা | ব্রাহ্মণপাড়া | চেয়ারম্যান |

**(খ) অনুষ্ঠিতব্য ৫ টি পৌরসভার সাধারণ নির্বাচনের তথ্য :**

| ক্র: নং | জেলা | পৌরসভা | পদ |
|---|---|---|---|
| ১. | ফরিদপুর | ফরিদপুর | সাধারণ |
| ২. | | মধুখালী | সাধারণ |
| ৩. | মাদারীপুর | রাজৈর | সাধারণ |
| ৪. | ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর | সাধারণ |
| ৫. | গাইবান্ধা | পলাশবাড়ী | সাধারণ |

**(গ) অনুষ্ঠিতব্য ৬ টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং ৭ টি ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচনের তথ্য :**

| ক্র: নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|---|
| ১. | কুড়িগ্রাম | রৌমারী | দাঁতভাঙ্গা | সাধারণ |
| ২. | | | বন্দবেড় | সাধারণ |
| ৩. | | | চর শৌলমারী | সাধারণ |

| ক্র: নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|---|
| ৪. | বরিশাল | মেহেন্দিগঞ্জ | উত্তর উলানিয়া | সাধারণ |
| ৫. | | | দক্ষিণ উলানিয়া | সাধারণ |
| ৬. | রাঙ্গামাটি | বিলাইছড়ি | বড়থলি | সাধারণ |
| ৭. | ময়মনসিংহ | নান্দাইল | জাহাঙ্গীরপুর | চেয়ারম্যান |
| ৮. | নরসিংদী | মনোহরদী | গোতাশিয়া | চেয়ারম্যান |
| ৯. | শরীয়তপুর | ভেদরগঞ্জ | ডিএম খালি | চেয়ারম্যান |
| ১০. | মৌলভীবাজার | কুলাউড়া | বরমচাল | চেয়ারম্যান |
| ১১. | হবিগঞ্জ | সদর | রাজিউড়া | চেয়ারম্যান |
| ১২. | কুমিল্লা | মুরাদনগর | রামচন্দ্রপুর উত্তর | চেয়ারম্যান |
| ১৩. | রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদর | মগবান | চেয়ারম্যান |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৭/১২/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-**৩০৩(১/১৪)**

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৭ / ০৭ ডিসেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪) সিনিয়র সচিব/সচিব,---------------------------------------- বিভাগ/মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সকল) (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সকলকে অবহিত করার অনুরোধসহ)
৫) পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী/খুলনা/ঢাকা/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/ময়মনসিংহ/সিলেট।
৮) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ……………………**(সংশ্লিষ্ট)**।
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) উপজেলা নির্বাহী অফিসার, ………………, ……………..**(সংশ্লিষ্ট)**।
১৩) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

০৭/১২/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ই-মেইল: reg4@mopa.gov.bd